



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।  
www.dshe.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৭.৩১.০০২.২০.১১৭

তারিখ: ২১ শ্রাবণ ১৪২৭

০৫ আগস্ট ২০২০

বিষয়: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন এম.পি.ও.ভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল ও কলেজ)-এর এম.পি.ও. শিটে শূন্য হওয়া পদের বিপরীতে ইনডেক্সধারী শিক্ষক/কর্মচারীদের নাম কর্তন প্রসঙ্গে।  
সূত্র: এম.পি.ও. অনুমোদন সংক্রান্ত কমিটির গত ১৮/০৬/২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন এম.পি.ও.ভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল ও কলেজ) এর ইনডেক্সধারী শিক্ষক/কর্মচারীদের চাকুরী সমাপ্ত/অব্যাহতি/চাকুরী পরিত্যাগ/মৃত্যুবরণ/জন্ম তারিখ ভুলের কারণে অবসরের পরও নাম থাকা/একই নাম দুইবার থাকাসহ বিভিন্ন কারণে অনেক শিক্ষক/কর্মচারীর নাম ও ইনডেক্স দীর্ঘদিন যাবৎ এম.পি.ও. শিটে থেকে যায়। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের এম.পি.ও. শিট হতে এরূপ শিক্ষক/কর্মচারীর নাম কর্তনের লক্ষ্যে প্রতিষ্ঠান প্রধান ও ব্যবস্থাপনা কমিটিকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণসহ আগামী ৩১/১২/২০২০ খ্রি. তারিখের মধ্যে অনলাইনে আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। এরূপ আবেদন প্রাপ্তির পর সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, জেলা শিক্ষা অফিসার, উপপরিচালক ও পরিচালকগণ তা বিধি মোতাবেক যাচাইপূর্বক অগ্রাধিকার ভিত্তিতে নিষ্পত্তি করবেন।

উল্লেখ্য, নাম কর্তন না হওয়ার কারণে সরকারের আর্থিক ক্ষতি ও বিভিন্ন জটিলতার সৃষ্টি হয়। এ কার্যক্রম গ্রহণের ক্ষেত্রে অবহেলা বা অকারণে বিলম্ব হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের বিরুদ্ধে বিধি মোতাবেক প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। নাম কর্তন পরবর্তী কোন জটিলতার সৃষ্টি হলে এর দায়দায়িত্বও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে বহন করতে হবে।

৫-৮-২০২০

মোহাম্মদ বেলাল হোসাইন  
পরিচালক

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
- ২) উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
- ৩) অধ্যক্ষ, এম.পি.ও.ভুক্ত সকল কলেজ
- ৪) জেলা শিক্ষা কর্মকর্তা, সকল জেলা
- ৫) উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সকল উপজেলা/থানা
- ৬) প্রধান শিক্ষক/শিক্ষিকা, এম.পি.ও.ভুক্ত সকল বিদ্যালয়

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৭.৩১.০০২.২০.১১৭/১(৭৭)

তারিখ: ২১ শ্রাবণ ১৪২৭

০৫ আগস্ট ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩) উপপরিচালক/সহকারী পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা।

- ৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই. এম. আই. এস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা (পত্রটি সংযুক্তিসহ মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫) শিক্ষা কর্মকর্তা (মাধ্যমিক-১/২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা।
- ৬) প্রশাসনিক কর্মকর্তা/হিসাবরক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা।
- ৭) পিএ টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
- ৮) সংরক্ষণ নথি।



৫-৮-২০২০

মোহাম্মদ বেলাল হোসাইন  
পরিচালক